

# ডিআইইউ রিয়েল এস্টেট ক্যারিয়ার এক্সপো-১৮ অনুষ্ঠিত

নতুন সময় প্রতিবেদক

Published : Thursday, 19 July, 2018 at 5:52 PM, Count : 30

অ+অ-অ



## ডিআইইউ রিয়েল এস্টেট ক্যারিয়ার এক্সপো-১৮ অনুষ্ঠিত

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ, এমপি বলেছেন, সন্তানের পর একটি মানুষের পরবর্তী স্বপ্নই হচ্ছে একটি বাড়ী আর বাংলাদেশের প্রতিটি মানুষের এটি সাংবিধানিক অধিকার। বর্তমান সরকার প্রাণিট নাগরিকের আবাসন ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি আরো বলেন, আমাদের খাদ্যের স্বয়ংস্বপূর্ণতা অব্যাহত রেখে কৃষি জমি রক্ষা করেই আবাসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। আর এ ক্ষেত্রে পরিবেশ সংরক্ষণের বিষয়টিও নিশ্চিত করতে হবে।

তিনি আজ আজ বৃহস্পতিবার (১৯ জুলাই) ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ও রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব)-এর যৌথ আয়োজনে বিশ্ববিদ্যালয়ের ৭১ মিলনায়তনে আয়োজিত 'ডিআইইউ রিয়েল এস্টেট ক্যারিয়ার এক্সপো ২০১৮' এর উদ্বোধনী অনুষ্ঠানে এসব কথা বলেন।

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. ইউসুফ মাহবুবুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রিহ্যাবের সভাপতি আলমগীর শামসুল আলামিন। অনুষ্ঠানে 'বাংলাদেশের অর্থনীতিতে আবাসনশিল্পের অবদান' শীর্ষক মূলপ্রবন্ধ উপস্থাপন করেন শেলটেক প্রাইভেট লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ড. তৌফিক এম সিরাজ। বক্তব্য রাখেন ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম

মাহবুবুল হক মজুমদার, বাণিজ্য ও অর্থনীতি অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মাসুম ইকবাল, ডিপার্টমেন্ট অব রিয়েল এস্টেট এর বিভাগীয় প্রধান ও সহকারী অধ্যাপক নূরুল মোহাম্মদ জায়েদ, ক্যারিয়ার ডেভেলপমেন্ট সেন্টারের পরিচালক আবু তাহের খান, গৃহনির্মাণ প্রতিষ্ঠান টোকিওর ব্যবস্থাপনা পরিচালক মুমতাজুল করিমসহ দেশের শীর্ষস্থানীয় আবাসন প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। অনুষ্ঠানে ‘বিজনেস প্রপোজাল কম্পিটিশন’ বিজয়ী শিক্ষার্থীদের হাতে সনদ তুলে দেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ।



ডিআইইউ রিয়েল এস্টেট ক্যারিয়ার এক্সপো-১৮ অনুষ্ঠিত

আবাসন শিল্পে ক্যারিয়ারের সুযোগ ও সম্ভাবনা সম্পর্কে শিক্ষার্থীদেরকে অবহিত করার লক্ষ্যে এবং ইন্ডাস্ট্রি-একাডেমির মধ্যে সংযোগ স্থাপনের উদ্দেশ্যে এ ক্যারিয়ার এক্সপোর আয়োজন করা হয়। এতে দেশের শীর্ষস্থানীয় বিশাটি রিয়েল এস্টেট প্রতিষ্ঠান স্টল সাজিয়ে অংশ নেয়। এছাড়া আবাসন শিল্পের চ্যালেঞ্জ ও ভবিষ্যৎ সম্ভাবনা নিয়ে একটি গোলটেবিল আলোচনায় অংশ নেন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্তকর্তাবৃন্দ।

প্রধান অতিথির বক্তব্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ, এমপি আরো বলেন, ‘আমরা যখন বিশ্ববিদ্যালয়ে পড়েছি তখন বিশ্ববিদ্যালয় শুধু পড়ালেখা শিখিয়ে বের করে দিত, ক্যারিয়ার নিয়ে চিন্তাভাবনা করত না। এখন বিশ্ববিদ্যালয়গুলো ছেলেমেয়েদের চাকরি নিয়েও ভাবছে। এটা অবশ্যই প্রশংসায়োগ্য উদ্যোগ। এসময় তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, পড়ালেখা সম্পন্ন করে তোমরা যারা রিয়েল এস্টেট সেক্টরে ক্যারিয়ার গড়তে চাও অথবা রিয়েল এস্টেট উদ্যোক্তা হতে চাও তাদেরকে অবশ্যই পরিবেশের বিষয়টি মাথায় রাখতে হবে। শুধু রড-সিমেন্টের জঙ্গল বানাতে চলবে না। ঢাকা শহরের পানির স্তর ক্রমশ নিচে নেমে যাচ্ছে, বাতাসে কার্বনের পরিমাণ বাড়ছে, গাছগাছালি কমে যাচ্ছে---এসব বিষয় বিবেচনায় রাখতে হবে। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের প্রসংসা করে বলেন, এমন দৃষ্টিনন্দন, পরিবেশবান্ধব সবুজ ক্যাম্পাস বাংলাদেশে বিরল। এই বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো ও অন্যান্য সুযোগ-সুবিধাও ঈর্ষণীয়। এসব সুবিধার যথাযথ ব্যবহার করে শিক্ষার্থীদেরকে যোগ্য মানুষ হওয়ার আহ্বান জানান তিনি।

গৃহনির্মাণ প্রতিষ্ঠানের কর্মকর্তাদের উদ্দেশ্যে মন্ত্রী বলেন, শুধু ঢাকাকেন্দ্রীক আবাসন গড়ে তুললে হবে না। ঢাকার বাইরেও আবাসনশিল্পকে প্রসারিত করতে হবে এবং মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে আবাসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। বাড়ী তৈরী করতে গিয়ে পরিবেশের বিষয়টিও গুরুত্ব সহকারে বিবেচনায় রাখার অঅস্থান জানান পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ।

বিশেষ অতিথির বক্তব্যে রিহ্যাবের সভাপতি আলমগীর শামসুল আলামিন বলেন, অল্প সময়ের জন্য আবাসন ব্যবসায় একটু স্থবিরতা নেমে এলেও এখন আবার আবাসন ব্যবসা ঘুরে দাঁড়াতে শুরু করেছে। এই খাতে ক্যারিয়ার গড়ার প্রচুর সম্ভাবনা রয়েছে। যেভাবে আবাসন খাত প্রসারিত হচ্ছে সেই হারে যোগ্য ও দক্ষ কর্মী পাওয়া যাচ্ছে না। এই চাহিদা পূরণে লক্ষ্যে ড্যাফোডিল বিশ্ববিদ্যালয় দেশের প্রথম এবং একমাত্র রিয়েল এস্টেট বিভাগ চালু করায় তিনি ড্যাফোডিল কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। আলমগীর শামসুল আলামিন বলেন, তিনি বলেন, রিহ্যাবের নিবন্ধিত প্রায় ১২০০টি রিয়েল এস্টেট প্রতিষ্ঠান রয়েছে। এসব প্রতিষ্ঠানে ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের কর্মসংস্থানের ব্যাপারে রিহ্যাব সর্বোচ্চ সহযোগিতা করবে বলে তিনি ঘোষণা দেন।

---

সম্পাদক ও প্রকাশক : নাজমুল হক শ্যামল

প্রধান উপদেষ্টা : আর রাজি, সম্পাদক মন্ডলীর সভাপতি : মোস্তাফিজুর রহমান ভূঁইয়া, উপদেষ্টা সম্পাদক : দীপু হাসান, প্রধান সম্পাদক : দিলীপ সরকার, নির্বাহী সম্পাদক : আনোয়ার চৌধুরী

দৈনিক নতুন সময়, ১০৪ নিউ সার্কুলার রোড, সিদ্ধেশ্বরী, ঢাকা-১২১৭

ফোন : +৮৮-০২-৫৮৩১২৮৮৮, ৫৮৩১২৯৯৯, ০১১৯০-৪৭৪৩৭১, ই-মেইল : newsnotunsomoy@gmail.com